

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৮৪

२. यन गंलाता সूि छे छे अत्म भाला (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি কোন কাজ করার ইচ্ছা করবে, তাকে যে ইস্তিখারার নির্দেশ দেওয়া হয়েছে, তা ফরয ব্যতীত দুই রাকাত নফল সালাত আদায় করার পর নির্দেশ দেওয়া হয়েছে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْأَمْرَ بِدُعَاءِ الِاسْتِخَارَةِ لِمَنْ أَرَادَ أَمْرًا إِنَّمَا أُمِرَ بِذَلِكَ بَعْدَ رُكُوعِ رَكْعَتَيْنِ غَيْرِ الْفَريضيَةِ

## আরবী

884 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا قُتُبْبَةُ بْنُ سَعِيدِ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ أَبِي الْمَوَالِ قَالَ: كَانَ رَسُولُ بْنُ أَبِي الْمَوَالِ قَالَ: كَانَ رَسُولُ بْنُ أَبِي الْمَوَالِ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يعلِّمنا الاسْتِخَارَةَ كَمَا يُعلِّمنَا السُّورَةَ مِنَ الْقُرْآنِ يَقُولُ: (إِذَا هَمَّ أَحَدُكُمْ بِالْأَمْرِ فَلْيَرْكَعْ رَكْعَتَيْنِ مِنْ غَيْرِ الْفَريضَةِ ثُمَّ لِيَقُلِ: اللَّهُمَّ إِنِّي أَسْتَخِيرُكَ بِعِلْمِكَ وَأَسْأَلُكَ مِنْ فَضْلِكَ الْعَظِيمِ فَإِنَّكَ تَقْدِرُ وَلَا أَقْدرُ وَتَعْلَمُ وَلَا أَعْلَمُ وَأَنْتَ عَلْمُ هَذَا الْأَمْرِ فَلْ الْعَظِيمِ فَإِنَّكَ تَقْدرُ وَلَا أَقْدرُ وَتَعْلَمُ وَلَا أَعْلَمُ وَأَنْتَ عَلَمُ هَذَا الْأَمْرِ فَلْ الْعَظِيمِ فَإِنْ كَنْتَ تَعْلَمُ هَذَا الْأَمْرِ فَلْ أَيْوِي مِنْ فَصْلِكَ الْعَظِيمِ فَإِنَّكَ تَقْدرُ وَلَا أَقْدرُ وَتَعْلَمُ وَلَا أَعْلَمُ وَأَنْتَ عَلَمُ هَذَا الْأَمْرِ فَلْ أَيْفُ بَعَيْنِهِ لِ خَيْرًا لِي فِي دِينِي عَلَّمُ الْغُيُوبِ اللَّهُمَّ فَإِنْ كُنْتَ تَعْلَمُ هَذَا الْأَمْرِ فَيْ مَعَاشِي وَعَاقِبَةِ أَمْرِي فَقَدَرْهُ لِي وَيَسِرِّهُ لِي وَبَارِكْ فِيهِ وَإِنْ كَانَ شَرَّا لِي فِي دِينِي وَمَعَاشِي وَعَاقِبَةِ أَمْرِي فَقَدَرْهُ لِي وَيَسِرِّهُ لَي وَلَاكُونُ فِيهِ وَإِنْ كَانَ شَرَّا لِي فِي دِينِي وَمَعَاشِي وَعَاقِبَةٍ أَمْرِي فَاصْرُ فِهُ عَنِي وَاصْرُ فَنِي عَنْهُ وقَدَرْ لِيَ الْخَيْرَ حَيْثُ كَان ورضني به)

الراوي: جَابِر بْن عَبْدِ اللَّهِ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 884 ا خلاصة حكم المحدث:. صحيح -

## বাংলা

৮৮৪. জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদেরকে ইস্তিখারা করা শিক্ষা দিতেন, যেভাবে তিনি আমাদেরকে কুর'আনের সূরা শিক্ষা দিতেন। তিনি আমাদের বলেছেন, "যখন তোমাদের কেউ কোন কিছু করার ইচ্ছা করবে, সে যেন ফর্য ব্যতীত নফল দুই



রাকা'আত সালাত আদায় করে অতঃপর বলে, "

اللَّهُمَّ إِنِّي أَسْتَخِيرُكَ بِعِلْمِكَ وَأَسْتَقْدِرُكَ بِقُدْرَتِكَ وَأَسْأَلُكَ مِنْ فَصْلِكَ الْعَظِيمِ فَإِنَّكَ تَقْدِرُ وَلَا أَقْدِرُ وَلَا أَقْدِرُ وَلَا أَقْدِرُ وَلَا أَعْلَمُ وَلَا أَعْلَمُ وَلَا أَعْلَمُ وَلَا أَعْلَمُ وَلَا أَعْلَمُ وَاللَّهُمَّ فَإِنْ كُنْتَ تَعْلَمُ هَذَا الْأَمْرَ لَ يُسَمِّيهِ بِعَيْنِهِ لَا خَيْرًا لِي فِي دِينِي وَمَعَاشِي وَعَاقِبَةِ أَمْرِي فَاصْرِفْهُ عَنِّي فَقَدِّرْهُ لِي وَيَسِّرْهُ لِي وَبَارِكْ فِيهِ وَإِنْ كَانَ شَرَّا لِي فِي دِينِي وَمَعَاشِي وَعَاقِبَةٍ أَمْرِي فَاصْرِفْهُ عَنِّي فَقَدَّرْهُ لِي وَيَسِّرْهُ لِي وَلَا لَحَيْرَ حَيْثُ كَان ورضني به وَاصْرِفْنِي عَنْهُ وقَدِّرْ لِيَ الْخَيْرَ حَيْثُ كان ورضني به

'আল্লা-হুম্মা ইন্নী আস্তাখীরুকা বিইলমিকা অ আস্তাক্বদিরুকা বি কুদরাতিকা অ আসআলুকা মিন ফায়লিকাল আযীম, ফাইন্নাকা তাক্বদিরু অলা আক্রদিরু অতা'লামু অলা আ'লামু অ আন্তা আল্লা-মুল গুয়ূব। আল্লা-হুম্মা ইন কুন্তা তা'লামু আন্না হা-যাল আমরা (—) খাইরুল লী ফী দীনী অ মাআ'শী অ আ'-ক্বিবাতি আমরী অ আ'- জিলিহী অ আ-জিলিহ, ফারুদুরহু লী, অয়্যাসসিরহু লী, সুম্মা বা-রিক লী ফীহ। অইন কুন্তা তা'লামু আন্না হা-যাল আমরা শাররুল লী ফী দীনী অ মাআ'শী অ আ'-ক্বিবাতি আমরী অ আ'-জিলিহী অ আ-জিলিহ, ফাস্বরিফহু আন্নী অস্বরিফনী আনহু, অকুদুর লিয়াল খাইরা হাইসু কা-না সুম্মা আর্যিনী বিহ।'

অর্থ: হে আল্লাহ, নিশ্চয়ই আমি আপনার ইলমের মাধ্যমে আপনার কাছে নির্দেশনা চাচ্ছি, আপনার ক্ষমতা থেকে ক্ষমতা চাচ্ছি, চাচ্ছি আপনার মহান অনুগ্রহ। কেননা নিশ্চয়ই আপনি ক্ষমতা রাখেন, আমি কোন ক্ষমতা রাখি না। আপনি জানেন, আমি জানি না, আপনি অদৃশ্যের জ্ঞাত। হে আল্লাহ, যদি আপনি এই কাজ (নির্দিষ্ট করে কাজের নাম বলবে) আমার দ্বীন, আমার জীবন-যাপন এবং আমার কর্মের পরিণতির দিক দিয়ে কল্যাণকর জানেন, তবে তা আমার জন্য নির্ধারণ করুন, আমার জন্য তা সহজ করে দিন এবং আমার জন্য তাতে বারাকাহ দান করুন। আর যদি এটি আমার দ্বীন, আমার পরকাল, আমার জীবন-যাপন এবং আমার কর্মের পরিণতির দিক দিয়ে অকল্যাণকর হয়, তবে তা আমার থেকে দূর করুন, আমাকে তা থেকে দূরে রাখুন আর আমার জন্য কল্যাণকর জিনিস নির্ধারণ করুন, সেটা যেখানেই থাকুক না কেন। এবং আমাকে তাতেই সম্ভুষ্ট রাখুন।"[1]

## ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ১১৬২; তিরমিযী: ৪৮০; নাসাঈ: ৬/৮০; মুসনাদ আহমাদ: ৩/৩৪৪; আদাবুল মুফরাদ: ২৯৩; আবূ দাউদ: ১৫৩৮; ইবনু মাজাহ: ১৩৮৩; সুনান বাইহাকী: ৩/৫২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১৩৭৬।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন